

যুগান্তর

**উচ্চ মাধ্যমিকের
ভর্তি আবেদন
অনলাইনে**

যুগান্তর রিপোর্ট

একাদশ শ্রেণীতে এ বছর এসএমএসের পাশাপাশি অনলাইনে ভর্তির আবেদন করা যাবে। দেশের সব কলেজের জন্য বাধ্যতামূলক এ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শনিবার বিকালে শিক্ষা মন্ত্রণালয়ের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। শিক্ষা সচিব নজরুল ইসলাম খানের সভাপতিত্বে সভায় বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ঢাকা ডিষ্ট্রিক্ট কলেজের অধ্যক্ষসহ মন্ত্রণালয়ের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। শিক্ষা অনলাইনে : পৃষ্ঠা ১৯ : কলাম ২

অনলাইনে : আবেদন
(শেষ পৃষ্ঠার পর)

সচিব বিষয়টি নিশ্চিত করেন।

জানতে চাইলে শিক্ষা সচিব শনিবার যুগান্তরকে বলেন, গত বছর কেবল আমরা এসএমএসের মাধ্যমে ভর্তি আবেদন নিয়েছি। এ বছর অনলাইনেও নেয়া হবে। তিনি বলেন, অনলাইনের ক্ষেত্রে একজন শিক্ষার্থী ৫টি কলেজে আবেদন করতে পারবে। কিন্তু এসএমএসে ১টি কলেজে আবেদন বন্ধা যাবে।

এক্ষেত্রে অনলাইনে ফি ১৫০ টাকা এবং এসএমএসে ১২০ টাকা। এ হিসেবে এর আগে এসএমএসে ৫টি আবেদন করতে ৬শ' টাকা লাগত। কিন্তু অনলাইনের কারণে তা কমে আসছে।

জানা গেছে, বর্তমানে সারা দেশে উচ্চ মাধ্যমিক ৮ হাজারেরও বেশি কলেজ রয়েছে। এছাড়া এ বছর সারা দেশে ১৪ লাখ শিক্ষার্থী এসএসসি পরীক্ষা দিয়েছে। চলতি মাসের ৩০ তারিখ তাদের রেজাল্ট প্রকাশ হওয়ার কথা রয়েছে। এসব শিক্ষার্থীর কথা চিন্তা করেই ভর্তি পদ্ধতিতে এ পরিবর্তন আনা হয়।